৭। ব্যাক্তিগত সহকারী (পরিচালক এর সদয় অবগতির জন্য), পরিচালকের দপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর।

৮। অতি: পরিচালকের ব্যাক্তিগত সহকারী (মহোদয়ের সদয় অবগতির জন্য ), মহিলা বিষয়ক অধিদপ্তর।

৯। অফিস কপি।

২২-০৬-২০২৬
নাঈমা হোসেন
পরিচালক (যুগ্ম সচিব)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।

পত্রনং:৩২.০১,৫৯৯৪.০০০.২৩.০০১-১৬৩ তারিখ:১৩/০৭/২০২৬

পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক আগামী ২০-৭-২০২৬ তারিখের মধ্যে আবেদন সমূহ নির্ধারিত 'ছক' অনুযায়ী পূরন পূর্বক নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(শামীমা আক্তার)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।

চেয়ারম্যান
.. .. .. .. .. .. .. .. .. .. .. .. ..ইউ পি
টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

০১) উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মুন্সীগঞ্জ।

০২) উপজেলা নির্বাহী অফিসার, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।

০৩) অফিস কপি, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।

Iga join

৭। ব্যাক্তিগত সহকারী (পরিচালক এর সদয় অবগতির জন্য), পরিচালকের দপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর।
৮। অতি: পরিচালকের ব্যাক্তিগত সহকারী (মহোদয়ের সদয় অবগতির জন্য ), মহিলা বিষয়ক অধিদপ্তর।
৯। অফিস কপি।

২২-০৬-২০২৬
নাঈমা হোসেন
পরিচালক (যুগ্ম সচিব)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর, মুন্সীগঞ্জ।

স্মারক নং : ৩২.০১.৫৯০০.০০০.২৩.০০১.১৯- ৪১৯ তারিখ: ১২/০৭/২০২৬ খ্রি.

পত্রের ছায়ালিপি সাথে সংযুক্ত করা হলো। বর্ণিত পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক প্রাপ্ত আবেদনকারী যাবতীয় তথ্যাদিসহ আগামী ২০/০৭/২০২৬ খ্রি. তারিখের মধ্যে জেলা কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১২/০৭/২৬
(আলেয়া ফেরদৌসী)
উপপরিচালক (ভারপ্রাপ্ত)
মহিলা বিষয়ক অধিদপ্তর, মুন্সীগঞ্জ।

১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা(সকল), মুন্সীগঞ্জ।
২। প্রশাসক, মুন্সীগঞ্জ পৌরসভা/মিরকাদিম পৌরসভা মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ।
৩। চেয়ারম্যান
পঞ্চসার/রামপাল/বজ্রযোগিনী/মহাকালী/চরকেওয়ার/মোল্লাকান্দি/ আধারা/বাংলাবাজার/শিলই, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ।
৪। অফিস কপি।

CamScanner

উপ-পরিচালকের কার্যালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর, মুন্সীগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড,ঢাকা
http://www.dwa.gov.bd

**স্মারক নম্বর:** ৩২.০১.০০০০.০০০.০০৫.২৩.০০০৪.২৬.১ — তারিখ: ৮ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ / ২২ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: বেগম রোকেয়া পদক -২০২৬ এর মনোনয়নের জন্য আবেদন আহবান ।**

সূত্র: : ৩২.০০.০০০০.০০০.০৪২.২৩.০০০৭.২৬.১১৫, তারিখ: ০৭/০৬/২০২৬ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নারী শিক্ষা, নারী অধিকার, নারীর আর্থ-সামাজিক উন্নয়ন, সাহিত্য ও সংস্কৃতির মাধ্যমে নারী জাগরণ, পল্লী উন্নয়ন এবং সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোন ক্ষেত্রে অবদানের সর্বোচ্চ স্বীকৃতিস্বরূপ পাঁচজন বাংলাদেশী নারীকে 'বেগম রোকেয়া পদক-২০২৬' প্রদান করা হবে। আপনার জেলা ও জেলাধীন উপজেলায় মনোনয়নযোগ্য বিশিষ্ট নারী যাঁরা উল্লিখিত ৫ টি ক্ষেত্রের মধ্যে যে কোন একটি ক্ষেত্রে আবদান রেখেছেন তাঁদের নিকট থেকে নির্ধারিত 'ছক' এ দরখাস্ত আহবান করা যাচ্ছে। আবেদন পত্রের 'ছক' মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েব সাইট (www.mowca.gov.bd) এবং মহিলা বিষয়ক অধিদপ্তরের ওয়েব সাইট (www.dwa.gov.bd) থেকে সংগ্রহ করা যাবে। ওয়েব সাইটে প্রকাশিত 'ছক' ব্যতিত অন্য কোন 'ছক' এ আবেদন/মনোনয়ন গ্রহণ করা হবে না।
আবেদনপত্র নির্ধারিত 'ছক' অনুযায়ী sasadmn2@gmail.com ই-মেইল-এ (সফট কপি Nikosh ফন্টে Ms Word File) এবং ডাকযোগে/সরাসরি ২ (দুই) সেট হার্ডকপি সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর ৩১ জুলাই ২০২৬ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২২-০৬-২০২৬
নাঈমা হোসেন
পরিচালক (যুগ্ম সচিব)
ফোন : ০২-৫৮৩১০৬২৯
ইমেইল : dwadhaka.director@gmail.com

উপপরিচালক (সকল জেলা )
মহিলা বিষয়ক অধিদপ্তর, ................... ( তাঁকে তাঁর জেলাধীন সকল উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে পত্রের আলোকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো ।।

**স্মারক নম্বর:** ৩২.০১.০০০০.০০০.০০৫.২৩.০০০৪.২৬.১/১ (৯) — তারিখ: ৮ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ / ২২ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জেলা প্রশাসক (সকল)।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (মহোদয়ের সদয় অবগতির জন্য ), মন্ত্রীর দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৪। সচিবের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য ), সচিবের দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
৫। দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা , ওয়েব সাইট (মহিলা বিষয়ক অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য ), মহিলা বিষয়ক অধিদপ্তর।
৬। মহাপরিচালকের ব্যাক্তিগত সহকারী (মহোদয়ের সদয় অবগতির জন্য ), মহিলা বিষয়ক অধিদপ্তর।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

নং-৩২.০০.০০০০.০৪২.২৩.০০৭.২৫.১৩৭

তারিখঃ ১৯ জৈষ্ঠ্য ১৪৩২
০২ জুন ২০২৫

# বেগম রোকেয়া পদক (সংশোধিত) নীতিমালা-২০২৫

১। এই নীতিমালা 'বেগম রোকেয়া পদক নীতিমালা-২০২৫' নামে অভিহিত হবে।

২। বেগম রোকেয়া পদক প্রদানের পটভূমি:
বেগম রোকেয়া বাঙালী মুসলিম নারী জাগরণের অগ্রদূত। নারী শিক্ষা, অধিকার এবং নারী আন্দোলনে তাঁর রয়েছে অসাধারণ অবদান। সরকার নারী জাগরণে বেগম রোকেয়ার অবদান চিরস্মরণীয় করা এবং এ থেকে তাদের অনুপ্রাণিত করার উদ্দেশ্যে 'বেগম রোকেয়া পদক' শীর্ষক একটি রাষ্ট্রীয় পদক প্রবর্তন করেছে। নারীদের জন্য 'বেগম রোকেয়া পদক' দেশের সর্বোচ্চ পুরস্কার হিসেবে গণ্য হবে।

৩। নিম্নলিখিত ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান ও গৌরবজ্জ্বল ভূমিকার জন্য 'বেগম রোকেয়া পদক' প্রদান করা হবে:
(ক) নারী শিক্ষা;
(খ) নারী অধিকার;
(গ) নারীর আর্থ-সামাজিক উন্নয়ন;
(ঘ) সাহিত্য ও সংস্কৃতির মাধ্যমে নারী জাগরণ;
(ঙ) পল্লী উন্নয়ন;
(চ) সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোন ক্ষেত্র।

৪। (ক) এ পদক প্রদানের জন্য উপযুক্ত ব্যক্তিকে বাংলাদেশের নাগরিক (নারী) হতে হবে।
(খ) চারিত্রিক গুণাবলি ও দেশাত্ববোধে তাঁকে অনন্য হতে হবে।
(গ) পদক প্রদানের ক্ষেত্রে ব্যক্তির সামগ্রিক জীবনের কৃতিত্ব ও অবদানকে গুরুত্ব প্রদান করা হবে।

৫। প্রতি বৎসর বেগম রোকেয়া পদকের সংখ্যা সর্বোচ্চ ০৫ (পাঁচ) হবে; তবে সরকার প্রযোজ্য ক্ষেত্রে কোন বৎসর উপযুক্ত প্রার্থী না পেলে পদক সংখ্যা হ্রাস করতে পারবে।

৬। বেগম রোকেয়া পদকপ্রাপ্ত ব্যক্তিবর্গকে প্রদেয়সমূহ:
(ক) আঠার ক্যারেট মানের পঁচিশ গ্রাম স্বর্ণ দ্বারা নির্মিত একটি পদক (পদকচিত্র: সংলাগ-ক)
(খ) পদকের একটি রেপ্লিকা;
(গ) চার লক্ষ টাকা এবং
(ঘ) একটি সম্মাননাপত্র।

৭। ৭.১ প্রতি বৎসর ৩০ শে জুনের মধ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অন্যান্য সকল মন্ত্রণালয়/বিভাগ, মাঠ প্রশাসন/বিশ্ববিদ্যালয়/বাংলা একাডেমি/নজরুল ইন্সটিটিউট/অন্যান্য একাডেমি ও ইন্সটিটিউট থেকে পূর্ববর্তী বছরসমূহের অবদানের জন্য মনোনয়ন আহবান করা হবে।

৭.২ বেগম রোকেয়া পদক পাওয়ার ক্ষেত্রে উপযুক্ত প্রার্থীদের প্রস্তাব/মনোনয়ন আহ্বানের জন্য বহুল প্রচার করা হবে। এক্ষেত্রে ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ও মহিলা বিষয়ক অধিদপ্তরের ওয়েবসাইটে এ সংক্রান্ত সকল তথ্যাদি ও আবেদনের জন্য 'ছক' প্রকাশ করতে হবে।

৭.৩ বেগম রোকেয়া পদকপ্রাপ্ত সুধীজনের সুপারিশক্রমে অথবা অন্যান্য মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা/মাঠ প্রশাসন থেকে প্রার্থীর নাম মনোনয়ন প্রদান করা যাবে।

৭.৪ প্রস্তাবিত ব্যক্তি সম্পর্কে নির্ধারিত 'ছক' পূরণ করে নির্দিষ্ট সময়ের মধ্যে মনোনয়ন সরাসরি মন্ত্রণালয়ে বা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে জমা দিতে হবে (নির্ধারিত ছক: সংলাগ- খ)।

CamScanner

৮। প্রাথমিক প্রার্থী নির্বাচন কমিটি:

৮.১ কমিটি গঠন:

| | |
|---|---|
| (ক) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপদেষ্টা/মন্ত্রী/প্রতিমন্ত্রী | - আহ্বায়ক |
| (খ) সিনিয়র সচিব/সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | - সদস্য |
| (গ) সিনিয়র সচিব/সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | - সদস্য |
| (ঘ) সিনিয়র সচিব/সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | - সদস্য |
| (ঙ) সিনিয়র সচিব/সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় | - সদস্য |
| (চ) সিনিয়র সচিব/সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | - সদস্য |
| (ছ) সিনিয়র সচিব/সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | - সদস্য সচিব |

৮.২ কমিটির কার্যপরিধি:

(ক) প্রস্তাবিত ব্যক্তি সম্পর্কে মাঠ প্রশাসন/মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য দপ্তর/ওয়েবসাইট থেকে প্রাপ্ত আবেদন ও অন্যান্য তথ্যাদি নির্ধারিত 'ছক' মোতাবেক মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করতে হবে।

(খ) প্রাথমিক প্রার্থী নির্বাচন কমিটি জাতীয় পুরস্কার সংক্রান্ত উপদেষ্টা/মন্ত্রিসভা কমিটির বিবেচনার জন্য প্রাথমিক তালিকা প্রস্তাব করবে।

(গ) ৩০ শে সেপ্টেম্বরের মধ্যে সভা অনুষ্ঠানসহ সকল কার্যাদি সম্পন্ন করবে।

(ঘ) উপযুক্ত প্রার্থীর অভাব হলে পদক প্রদানের সুপারিশকালে বিগত বছরের সুপারিশকৃত কিন্তু পদক পাননি এমন ব্যক্তিদের বিষয় বিবেচনা করা যাবে।

(ঙ) রোকেয়া পদক প্রদানের বিষয় বিবেচনাকালে তৃণমূল ও প্রান্তিক পর্যায়ের অবহেলিত, অনগ্রসর উপযুক্ত ব্যক্তিকে অগ্রাধিকার প্রদানের বিষয় বিবেচনা করা হবে।

(চ) পদক প্রদানের নাম সুপারিশকালে তুলনামূলক বয়োজ্যেষ্ঠ প্রার্থীদের অগ্রাধিকার প্রদানের বিষয় বিবেচনা করা যাবে।

৯। ৯.১ প্রাথমিক প্রার্থী নির্বাচন কমিটি কর্তৃক সুপারিশকৃত তালিকা সংশ্লিষ্ট তথ্যাদি ও প্রমানক কাগজসহ ১৫ই অক্টোবরের মধ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় জাতীয় পুরস্কার সংক্রান্ত উপদেষ্টা/মন্ত্রিসভা কমিটির বিবেচনার জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে।

৯.২ মন্ত্রিপরিষদ বিভাগে তালিকা প্রেরণকালে বেগম রোকেয়া পদকের জন্য সুপারিশকৃত বিশিষ্ট মহিলাদের নাম, জীবনবৃত্তান্ত, অবদানের ক্ষেত্র সম্পর্কে তথ্যাদি থাকতে হবে।

৯.৩ জাতীয় পুরস্কার সংক্রান্ত উপদেষ্টা/মন্ত্রিসভা কমিটির সুপারিশ এবং মাননীয় প্রধান উপদেষ্টা/প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে বেগম রোকেয়া পদক প্রদানের বিষয় চূড়ান্ত করা হবে।

৯.৪ মাননীয় প্রধান উপদেষ্টা/প্রধানমন্ত্রী কর্তৃক পদকপ্রাপ্তদের নাম অনুমোদনের পর মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় থেকে নির্বাচিত ব্যক্তিদের মতামত/সম্মতি গ্রহণ করতে হবে।

৯.৫ সকল কার্যাদি চূড়ান্তকরণের পর এবং পদক সংক্রান্ত পুরস্কার প্রদানের পূর্বে গণমাধ্যমে নির্বাচিত ব্যক্তিদের নাম প্রকাশ করা হবে।

৯.৬ পদক গ্রহণে অসম্মতি জ্ঞাপন করা হলে বা পদক গ্রহণ বিষয়ে সুনির্দিষ্ট মতামত না পেলে বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করতে হবে। পদক গ্রহণে অসম্মতি জ্ঞাপনের ক্ষেত্রে পদক প্রাপ্তদের চূড়ান্ত তালিকায় উক্ত ব্যক্তির নাম অন্তর্ভুক্ত হবে না এবং তাকে পদক প্রাপ্ত হিসেবে ঘোষণা করা যাবে না।

৯.৭ মরণোত্তর পদক প্রদানের ক্ষেত্রে অথবা পদকপ্রাপ্ত ব্যক্তির শারীরিক অসুস্থতার কারণে বা অন্য কারণে পদক বিতরণী অনুষ্ঠানে উপস্থিত থাকতে অপারগতা প্রকাশ করলে তাঁর মনোনীত উপযুক্ত উত্তরাধিকারী/প্রতিনিধি পদক গ্রহণ করতে পারবেন।

৯.৮ পদকপ্রাপ্ত ব্যক্তি বিদেশে অবস্থান করলে এবং উপযুক্ত উত্তরাধিকারী/প্রতিনিধির নাম মনোনয়ন না করলে পরবর্তী বছর পদক গ্রহণ করতে পারবেন।

CamScanner

৯.৯ প্রতি বৎসর ৯ ডিসেম্বর মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত 'বেগম রোকেয়া দিবস' অনুষ্ঠানে এই পদক প্রদান করা হবে।

১০। এই নীতিমালা অবিলম্বে কার্যকর হবে এবং ইতোপূর্বে জারিকৃত এতদসংক্রান্ত সকল নির্দেশনাবলি এতদ্বারা বাতিল বলে গণ্য হবে।

০৬/০৬/২০২৫

(মমতাজ আহমেদ এনডিসি)
সিনিয়র সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

CamScanner

| আবেদিত ব্যক্তির রঙীন পাসপোর্ট ও স্ট্যাম্প সাইজ ছবি |
|---|

# ‘বেগম রোকেয়া পদক ২০২৬’ এর জন্য প্রস্তাবিত ব্যক্তি সম্পর্কিত তথ্য ছক

*** বেগম রোকেয়া পদকের জন্য সুপারিশকৃত ক্ষেত্র ঃ (ক) নারী শিক্ষা ☐ (খ) নারী অধিকার ☐ (গ) নারীর আর্থ-সামাজিক উন্নয়ন ☐ (ঘ) সাহিত্য ও সংস্কৃতির মাধ্যমে নারী জাগরণ ☐ (ঙ) পল্লী উন্নয়ন ☐**

১। প্রস্তাবকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/ব্যক্তির নাম, পদবী, ঠিকানা এবং টেলিফোন ফ্যাক্স নম্বর:

২। বেগম রোকেয়া পদকের জন্য প্রস্তাবিত ব্যক্তির নাম:

| পিতার নাম | মাতার নাম | জন্ম তারিখ | নিজ জেলা | প্রকৃত জন্মস্থান (জন্মস্থান নিজ জেলার বাইরে হলে) |
|---|---|---|---|---|
| | | | | |

৩। (ক) স্থায়ী ঠিকানা (টেলিফোন ও ফ্যাক্সসহ) ঃ

(খ) বর্তমান ঠিকানা (টেলিফোন ও ফ্যাক্সসহ) ঃ

৪। পুরস্কার প্রস্তাব প্রক্রিয়াকালে জরুরী যোগাযোগের জন্য ব্যক্তির নাম ও ঠিকানা ঃ

| নাম ও ঠিকানা | টেলিফোন নম্বর | ই-মেইল নম্বর (যদি থাকে) | ফ্যাক্স নম্বর (যদি থাকে) |
|---|---|---|---|
| | | | |

৫। শিক্ষাগত যোগ্যতা ঃ

| ক্রমিক নং | শিক্ষার স্তর | শিক্ষা প্রতিষ্ঠানের নাম ঠিকানা | শিক্ষাজীবনের বিশেষ কৃতিত্ব (যদি থাকে) |
|---|---|---|---|
| (১) | প্রাথমিক বিদ্যালয় | | |
| (২) | এসএসসি/সমমান | | |
| (৩) | এইচএসসি/সমমান | | |
| (৪) | স্নাতক/সমমান | | |
| (৫) | স্নাতকোত্তর/সমমান | | |
| (৬) | উচ্চতর ডিগ্রী | | |
| (৭) | উল্লেখযোগ্য অন্য কোন সার্টিফিকেট/ডিপ্লোমা | | |

* পদক প্রদানের জন্য সুপারিশকৃত ক্ষেত্র নির্ধারণের জন্য √ (টিক) চিহ্ন দিতে হবে।

-চলমান-



CamScanner

৬। সামাজিক/সাংস্কৃতিক/অর্থনৈতিক/পল্লীউন্নয়ন/রাজনৈতিক কার্যক্রমে অংশগ্রহণ ঃ

| ক্রমিক নং | সংস্থার নাম ও ঠিকানা | কোন দায়িত্বপূর্ণ পদে থাকলে পদের নাম ও সময়কাল | বিশেষ কৃতিত্ব (যদি থাকে) |
|---|---|---|---|
| (১) | | | |
| (২) | | | |
| (৩) | | | |
| (৪) | | | |
| (৫) | | | |

৭। উল্লেখযোগ্য গবেষণা/প্রবন্ধ/বই প্রকাশনার বিবরণ ঃ

| ক্রমিক নং | গবেষণা/প্রবন্ধ/বই প্রকাশনার শিরোনাম | প্রকাশক/জার্নালের নাম, প্রকাশনার স্থান ও বছর | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | | | |
| (২) | | | |
| (৩) | | | |
| (৪) | | | |

৮। (ক) বিশেষ কোন পুরস্কার সম্মাননা পেয়ে থাকলে তার বিবরণ ঃ

| ক্রমিক নং | পুরস্কার/সম্মাননার নাম ও প্রাপ্তির সন | পুরস্কার/সম্মাননার সংক্ষিপ্ত বিবরণ | মন্তব্য (যদি থাকে) |
|---|---|---|---|
| (১) | | | |
| (২) | | | |
| (৩) | | | |

-চলমান-



CamScanner

(খ) উল্লেখ করার মত অন্য কোন গুরুত্বপূর্ণ তথ্য ঃ

৯।　যে ক্ষেত্রে অবদানের স্বীকৃতিস্বরূপ পুরস্কার প্রদানের সুপারিশ করা হয়েছে সে ক্ষেত্রে সুপারিশকৃত ব্যক্তির অবদানের সংক্ষিপ্ত (তবে সুনির্দিষ্ট) বৃত্তান্ত ঃ

১০।　পুরস্কার বিতরণের সময় পুরস্কারপ্রাপ্ত ব্যক্তির অনুপস্থিতির ক্ষেত্রে তাঁর পরিবর্তে পুরস্কার গ্রহণকারীর নাম ও ঠিকানা ঃ

| নাম ও ঠিকানা | টেলিফোন নম্বর | ফ্যাক্স নম্বর (যদি থাকে) | ই-মেইল নম্বর (যদি থাকে) |
|---|---|---|---|
| | | | |

তারিখঃ

প্রস্তাবক মন্ত্রণালয়/বিভাগ এর সচিব
অথবা
বেগম রোকেয়া পদকে ভূষিত প্রস্তাবক ব্যক্তির স্বাক্ষর



CamScanner